# মেসির হ্যাটট্রিকে দাপুটে জয় নিয়ে মৌসুম শেষ মায়ামির



সংগৃহীত ছবি

লিওনেল মেসির জাদুকরী হ্যাটট্রিকে মৌসুমের শেষ ম্যাচে দাপুটে জয় পেয়েছে ইন্টার মায়ামি। ন্যাশভিল এসসিকে ৫-২ গোলে উড়িয়ে দিয়েছে ডেভিড বেকহামের মালিকানাধীন দলটি। এক বছর পর মায়ামির জার্সিতে হ্যাটট্রিকের দেখা পেলেন আর্জেন্টাইন তারকা। এই জয়ের ফলে ইস্টার্ন কনফারেন্সের পয়েন্ট টেবিলে তৃতীয় হয়ে প্লে-অফ নিশ্চিত করেছে হাভিয়ের মাশচেরানোর শিষ্যরা।

ম্যাচের শুরু থেকেই প্রতিপক্ষের মাঠে ছিল মেসির রাজত্ব। খেলার ৩৪ মিনিটে প্রথম গোল করে মায়ামিকে এগিয়ে দেন অধিনায়ক মেসি। তবে বিরতির আগে দুই গোল হজম করে ২-১ ব্যবধানে পিছিয়ে পড়ে দলটি।

বিরতির পর নতুন উদ্যমে মাঠে নামেন মায়ামির খেলোয়াড়রা, নেতৃত্বে আবারও মেসি। ৬৩ মিনিটে পেনাল্টি থেকে গোল করে দলকে সমতায় ফেরান তিনি। এরপর ৮১ মিনিটে দুর্দান্ত ফিনিশিংয়ে নিজের হ্যাটট্রিক সম্পন্ন করেন আর্জেন্টাইন সুপারস্টার, যা তার ক্যারিয়ারের ৬০তম হ্যাটট্রিক।

শেষ পর্যন্ত ৫-২ গোলের বড় জয় নিয়ে মৌসুম শেষ করে ইন্টার মায়ামি, আর মেসির পারফরম্যান্স আবারও প্রমাণ করে—জাদু এখনো জীবন্ত তার পায়ে।